

# ইউনেক্সো সম্মেলনে যোগদান শেষে দেশে ফিরেছেন শিক্ষামন্ত্রী

ঢাকা, ১১ নভেম্বর ২০১৭

ইউনেক্সো'র ৩৯তম সাধারণ সম্মেলনে অংশগ্রহণ শেষে দেশে ফিরেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। আজ সকালে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব ড. অরুণ বিশ্বাস ও মো. মহিউদ্দিন খান, কারিগরি ও মাদরাসা বিভাগের অতিরিক্ত সচিব এ কে এম জাকির হোসেন ভূঝা ও অশোক কুমার বিশ্বাসসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানগণ। তারা শিক্ষামন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান এবং এবারের ইউনেক্সো সাধারণ সম্মেলনে বাংলাদেশের বিভিন্ন অর্জনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এ সময় বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জে কর্মকর্তাদের উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্যে শিক্ষামন্ত্রী বলেন, ইউনেক্সো'র এবারের সম্মেলন বাংলাদেশের জন্য ছিল খুবই গুরুত্বপূর্ণ এবং সাফল্যের উজ্জ্বল দৃষ্টান্ত। এ সম্মেলনে বিশ্ব পরিমন্ডলে বাংলাদেশের সুনাম বৃদ্ধি পেয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে ইউনেক্সো'র মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টারে অন্তর্ভুক্ত হয়েছে। বাংলাদেশ সংস্থাটির পরবর্তী সম্মেলনের জন্য ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছে।

তিনি বলেন, সফল কূটনৈতিক তৎপরতার ফলে বাংলাদেশ তৃতীয়বারের মতো সদস্য রাষ্ট্রসমূহের ভোটে সংস্থাটির নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত হয়েছে। বাংলাদেশ আগামী ২০১৭-২০২১ মেয়াদের জন্য ইউনেক্সো'র নির্বাহী বোর্ডের সদস্য হিসেবে কাজ করবে। নির্বাচনে বাংলাদেশ ১৮৪ ভোটের মধ্যে মধ্যে ১৪৪ ভোট লাভ করে।

শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য ও দুরদর্শী নেতৃত্ব এবং সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টার ফলেই এ অর্জন সম্ভব হয়েছে। এজন্য শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব ও কাজের চ্যালেঞ্জ আরো বেড়ে গেছে বলে তিনি যন্তব্য করেন। এ সুনাম ধরে রাখতে সংশ্লিষ্ট সকলকে আরো নিবেদিতপ্রাণ হয়ে কাজ করার আহবান জানান তিনি।

শিক্ষামন্ত্রী ই-লাইন ফোরামের চেয়ারম্যান হিসেবে এ সম্মেলনে যোগদানকারী ই-লাইন রাষ্ট্রসমূহের মন্ত্রীদের সম্মানে গত ০১ নভেম্বর মধ্যাহ্ন ভোজের আয়োজন করেন। এ ফোরামের সকল সদস্য দেশসমূহের শিক্ষামন্ত্রীরা এ অনুষ্ঠানে যোগ নেন। তারা বাংলাদেশের বিভিন্ন উদ্যোগের প্রশংসা করেন।

উল্লেখ্য, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইউনেক্সো'র ৩৯তম সাধারণ সম্মেলনে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। এ সম্মেলনে যোগ দিতে তিনি গত ২৯ অক্টোবর প্যারিসের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ এবং বাংলাদেশ ইউনেক্সো জাতীয় কমিশনের সচিব মো. মনজুর হোসেন উপস্থিত ছিলেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয় মোবাইল: ০১৯১১-০০৭৫৩